



## চুক্তি না হলে ইরানের সামনে খুব খারাপ পরিস্থিতি: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

দ্রুত কোনো চুক্তি না হলে ইরানের জন্য কঠিন পরিস্থিতি অপেক্ষা করছে বলে সতর্ক করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি ফরাসি গণমাধ্যম বিএফএমটিভিকে দেওয়া এক সাক্ষাৎকারে এ মন্তব্য করেন।

ট্রাম্প বলেন, ইরান যদি পারমাণবিক কর্মসূচি নিয়ে সমঝোতায় না আসে, তাহলে তাদের গুরুতর পরিণতি ভোগ করতে হবে। তবে তিনি একই সঙ্গে উল্লেখ করেন, একটি চুক্তিতে পৌঁছানো দুই পক্ষেরই স্বার্থে প্রয়োজন।

এদিকে ইরানের পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাব দাবি করেছেন, বিশ্ব একটি নতুন আন্তর্জাতিক ব্যবস্থার দিকে এগোচ্ছে। অন্যদিকে তেহরান জানিয়েছে, হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল নিয়ন্ত্রণে নতুন পরিকল্পনা আনা হচ্ছে, যেখানে তেল আদায়ের বিষয়ও থাকতে পারে।

ইরান আরও জানিয়েছে, এই প্রণালি ব্যবহার করে কোনো "শত্রু দেশ" অস্ত্র পরিবহন করতে পারবে না। অন্যদিকে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর দাবি, চলমান উত্তেজনার মধ্যে ইরানের বিভিন্ন বন্দরে ৭৮টি বাণিজ্যিক জাহাজের চলাচল বাধাগ্রস্ত হয়েছে এবং চারটি নৌযান অচল করা হয়েছে।